

যুগান্তর

কুমিল্লায় শ্রেণীকক্ষে ঢুকে মাদ্রাসা শিক্ষকের ওপর হামলা

কুমিল্লা ব্যুরো

কুমিল্লার সদর দক্ষিণ উপজেলার জেলাই ফার্মিন মাদ্রাসার শ্রেণীকক্ষে ঢুকে সাময়িক হক নামের এক সাদুকী অধ্যাপকের মাটি ও কিরীচ দিয়ে পিটিয়ে আহত করেছে সাদুকীরা। ওরুতর আহত অবস্থায় তাকে কুমিল্লা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় শনিবার বেলা ১১টার দিকে এ ঘটনা ঘটে। আহত শিক্ষক ও স্থানীয় পুরো জানা যায়, সদর দক্ষিণ উপজেলার গলিয়ারা ইউনিয়নের জেলাই ফার্মিন মাদ্রাসা মূল্যম বাড়ির আব্দুল ইসলামকে ওই মাদ্রাসায় করণিক হিসেবে কর্মরত থাকা অবস্থায় তার বিভিন্ন অনিয়ম ফেঞ্চচারিতামূলক কর্তব্যের কারণে তাকে প্রায় ৮ বছর আগে কর্তৃপক্ষ চাকরি

থেকে বরখাস্ত করে। এ ঘটনায় আব্দুল ইসলামের দায়েরকৃত মামলা আদালতে বিচারধীন রয়েছে। এ নিয়ে মাদ্রাসার শিক্ষক ও কর্মীদের সঙ্গে তার বিরোধ চলে আসছিল। শিক্ষক সাময়িক হক জানান, শনিবার আব্দুল ইসলামের নেতৃত্বে রনি, কাজী ইব্রাহীম, জনি, আনোয়ারসহ ৮/১০ জন সহযোগী ফাঁকা ও পির্নকরণ করে এলাকায় আতঙ্ক সৃষ্টি করে মাদ্রাসা ক্যাম্পাসে ঢুকে তার ব্যবহৃত মোটর সাইকেলটি পিটিয়ে জ্বাফুর করতে থাকে। এ সময় তিনি এ বিষয়ে জানতে চাইলে তারা ক্রোধে ঢুকে লাঠি ও কিরীচ দিয়ে তাকে এলোপাতারি পিটিয়ে ওরুতর আহত করে। এ সময় মাদ্রাসার শিক্ষার্থীসহ শিক্ষক-কর্মচারীরা প্রাণভয়ে দিগ-বিদিক ছোটোছুটি করতে থাকে।